## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ।০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶১০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। দীর্ঘ স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ।

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা হাতে ১৸০ টাকা। নগদ মূল্য ৴০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র



মহারাজা, রাজা, মহামহোপাধ্যায় পণ্ডিত, জজ, ম্যাজিষ্ট্রেট ও বহু অভিজ্ঞ ডাক্তারগণ কর্ত্তৃক উচ্চ প্রশংসিত

**সোণামুখী কেশ তৈল**

কেশের জন্য সর্ব্বোৎকৃষ্ট গুণে ও গন্ধে অতুলনীয়।

মূল্য প্রতি শিশি ১৲ এক টাকা।

চ্যবনপ্রাশ ⁄১ সের (৮০ তোলা) ১০৲

বাতের তৈল প্রতি শিশি ২৷৷০ টাকা

কবিরাজ শ্রীশৌরীন্দ্রমোহন গাঙ্গুলী, কবিরত্ন
ও কবিরাজ শ্রীআদ্যাপ্রসন্ন গাঙ্গুলী, কবিরঞ্জন
সোণামুখী ভবন, পোঃ মণিগ্রাম (মুর্শিদাবাদ)



৩৮শ বর্ষ } রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ—৮ই জ্যৈষ্ঠ বুধবার ১৩৫৮ ইংরাজী 23rd May. 1951 { ২য় সংখ্যা



## অরবিন্দ এণ্ড কোং

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর (মুর্শিদাবাদ)

ঘড়ি, টর্চ, ফাউণ্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্
এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, ফটো ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।

## জীবনযাত্রার পাথেয়

আমাদের গৃহ-সংসার কত আশা ও উৎসাহ, কত শান্তি ও সুখের স্বপ্ন দিয়ে তৈরী। বাপ মায়ের সে স্বপ্ন রূঢ় বাস্তবের আঘাতে ভেঙ্গে যাওয়া অসম্ভব নয়, তাই নিজের জন্যও যেমন তাঁদের দুশ্চিন্তা, ছেলে-মেয়ে ও আত্মীয়-পরিজনের জন্যও তেমনি তাঁদের উদ্বেগ ও আশঙ্কা—কি উপায়ে তাদের জীবনযাত্রা নির্ব্বাহের উপযোগী সংস্থান করে রাখা যায়? হিন্দুস্থানের বীমাপত্র সেই সংস্থানের উপায় স্বরূপ—প্রত্যেকের আর্থিক সঙ্গতি ও বিভিন্ন প্রয়োজন অনুযায়ী নানাবিধ বীমাপত্রের ব্যবস্থা আছে।

জীবনযাত্রার অনিশ্চিত পথে
জীবন বীমা মানুষের
প্রধান পাথেয়।

**হিন্দুস্থান কো-অপারেটিভ**

ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড

হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস

৪নং চিত্তরঞ্জন এভিনিউ, কলিকাতা—১৩

## Notice.

"Wanted a Matric G. T. teacher on a pay of Rs. 40/- per month and a school D. A. of Rs. 3/- per month with the usual Govt. D. A. for the Jangipur H. E. School Primary Department. Preference will be given to an experienced teacher. Applications will be received by the undersigned up to 15. 6. 51.

Muktipada Chatterjee
Secretary,
Jangipur H. E. School.

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

৮ই জ্যৈষ্ঠ বুধবার সন ১৩৫৮ সাল।

## আইনের সংশোধন

কোনরূপ দুষ্কার্য্যে কংগ্রেস-গবর্ণমেণ্টের লজ্জা নাই, সেই দুষ্কার্য্যের কথা যাহারা প্রকাশ করিবে বা সে সম্বন্ধে সমালোচনা করিবে, তাহাদের জব্দ করাই বড় কর্ত্তা হইতে খুদে কর্ত্তাদের মজ্জাগত স্বভাব হইয়া দাঁড়াইয়াছে। সরকারের বা সরকারের অনুগৃহীত অপকর্ম্মকারীদের গুণাগুণ এক মুখে বর্ণনা করা সুকঠিন। সদরের দপ্তরে কৃষিকার্য্যের জন্য সার সংগ্রহে কোটি কোটি টাকা লইয়া ছিনিমিনি খেলা, জীপ খরিদ করার টাকার হরির লুট, বিহারে আইন পরিষদে প্রমাণিত গুড়-চোরাদের কাহিনী, বাংলার মুখ্যমন্ত্রী মহোদয়ের নিজের খাস চিঠির কাগজে তাঁহার জনৈক প্রিয়পাত্র কর্ত্তৃক বস্ত্রের গাঁইট লইয়া খেলার কাহিনী, ম্যাট্রিক পাশ নয় এমন এক প্রৌঢ় প্রিয় ব্যক্তির ষ্টেট ট্রান্‌সপোর্ট বিভাগে মোটা টাকা [illegible]র চাকুরী লাভ ইত্যাদি বহু কলঙ্কের কথা [illegible]র অবিকল ফটোসহ সংবাদ-পত্রে প্রকাশিত হইয়াছে। ভুখা মিছিলের উপর গুলী চালাইয়া শিশু বধ পালা চূড়ার উপর ময়ূর পাখার মত আজিও তদন্তের হাওয়ায় দুলিতেছে।

ইংরাজের আমলে তফশীলী সম্প্রদায়ভুক্ত হিন্দু ব্যবহারজীবি আম্বেদকর সাহেব মাঝে মাঝে নিজের অনুগত লক্ষ লক্ষ তফশীলভুক্ত সহ ধর্ম্মান্তর গ্রহণের হুমকী দেখাইতেন, তাহা সংবাদ পত্র পাঠক মাত্রেই অবগত আছেন। স্বাধীন ভারতে তিনি হইলেন বড় গদীর আইন মন্ত্রী। তাঁহারই উপর ভার পড়িল হিন্দু কোড্ বিল প্রণয়নের। ব্রহ্মার পুত্র বলিয়া কথিত মনুর প্রণীত দায়াধিকার ইত্যাদির নিয়ম গঠন করিবেন এই আম্বেদকর সাহেব মহোদয়। স্বাধীন ভারত যখন গণতন্ত্র রাষ্ট্রে পরিণত হইল বলিয়া ঘোষিত হইল, তখন রাষ্ট্র বিধি সংগঠন করিলেন মনুর স্থলাভিষিক্ত এই আম্বেদকর সাহেব। এই রাষ্ট্র বিধি তৈরী করার পর উচ্চ গদীতে আসীন আত্মপ্রশংসাকারীর দল বলিয়াছিলেন—যে রাষ্ট্র বিধি তৈরী করিয়া দিলাম বিশ্ব ব্রহ্মাণ্ডে এমন কখনও হয় নাই আর হইবেও না। আজ দেড় বৎসর পার হইতে না হইতে হঠাৎ শোনা গেল এই "আহা মরি মরি" আইনের গুরুতর পরিবর্ত্তন না করলেই নয়।

স্বাধীনতা সংগ্রামের অগ্রদূতরূপে দেশ যাঁহাকে এতকাল সম্মান দিয়া আসিয়াছে, সেই জহরলাল নেহেরুজী এই ব্যক্তি স্বাধীনতা সংহারক বিলটী পার্লামেণ্টে উত্থাপন করিয়াছেন, ভরসা কংগ্রেস দলের মেজরিটী অশোভন সুশোভন সকল ব্যাপারেই সফল মনোরথ হইবেই। বিলটী অতি সংগোপনে প্রস্তুত করা হইয়াছে, উত্থাপনের ৪৮ ঘণ্টা আগেও কেহ ইহার বিষয় জানিতে পারে নাই। দেড় বৎসর পূর্ব্বে প্রণীত রাষ্ট্রবিধির ব্যাখ্যায় সরকার ও আদালতের মধ্যে মতবিরোধ ঘটিতেছে, সরকার কোনও কোনও আদালতের বিচার ও মন্তব্য বরদাস্ত করিতে পারিতেছেন না।

সাধারণ নির্ব্বাচন আগতপ্রায় কতকগুলি স্বাধীন চেতা বিচারকের অধিকার ও স্বাধীন মত প্রকাশে অভ্যস্ত সংবাদপত্রগুলির কণ্ঠরোধ না করিতে পারিলে প্রতি পদে পরাজিত হইতে হইবে। তাই মুদ্রাযন্ত্রের স্বাধীনতা সংহারের জন্য ব্যক্তি স্বাধীনতা সম্পর্কিত ১৯ ধারা পরিবর্ত্তন ও প্রেস আইন বদলাইবার আয়োজনে এই বিল মেজরিটির জোরে সিলেক্ট কমিটিতে প্রদত্ত হইয়াছে।

এখন পার্লামেণ্টে বৃটিশ ভারতের প্রতিনিধিরাই রহিয়াছেন। যে সব দেশীয় রাজাগণের রাজ্য মহামতি স্বর্গীয় সর্দ্দার প্যাটেলের প্রচেষ্টায় ভারতের অন্তর্ভুক্ত হইয়াছে, তাঁহাদের কোন প্রতিনিধি পার্লামেণ্টে নাই। বর্ত্তমানে পরিবর্ত্তিত রাষ্ট্র বিধি তাঁহাদেরও উপরে প্রযুক্ত হইবে। পার্লামেণ্টে ইহাদের প্রতিনিধি প্রেরণের সুযোগ না দিয়া প্রাপ্ত বয়স্কদের ভোটে যে নির্ব্বাচন হইবে তাহার জন্য অপেক্ষা না করিয়া, তাড়াতাড়ি ভোটের জোরে রাষ্ট্র বিধি পরিবর্ত্তন বে-আইনী ও নীতি বিগর্হিত বলিলে অন্যায় বলা হইবে কি? বিচারকের বিচার এবং সংবাদপত্রের সমালোচনা বরদাস্ত করার ধৈর্য্য মাত্র কয়েক মাসের জন্য সরকার অবলম্বন করিতে না পারেন তাহা হইলে সমগ্র জগৎ এই বিধি পরিবর্ত্তনকে কংগ্রেসের আগামী নির্ব্বাচনে গদী দখলে রাখিবার ফন্দী বলিয়া মনে করিবে।

কংগ্রেস ত্যাগ করিয়া যে সব মহাপুরুষগণ নির্ব্বাচনে সফলকাম হইবার জন্য দল পাকাইতেছেন, তাঁহাদের দলেও এমন সব রত্ন আসিয়া যোগ দিয়াছেন, যে কংগ্রেস গদীচ্যুত হইলে, যাঁহারা গদিয়ান হইবেন, তাঁহারাও গরীব জনসাধারণের পক্ষে তপ্ত খোলা হইতে জলন্ত আগুনে পতন বলিয়াই মনে হইবে।

যে সব দীন জনসাধারণ রাজনীতির ধার ধারে না, পেটে দুটী অন্ন আর পরণে একখানি কাপড় হইলে যাহারা খুসি, দেশে শতকরা আশী জন লোক সেই সম্প্রদায়ভুক্ত। তাঁহাদের ভরসা একমাত্র সে রাজা—যাঁহার রাজ্যে যখন তখন আইন পরিবর্ত্তনে রীতি নাই। স্বর্গীয় কবি রজনীকান্ত গাহিয়াছেন—

চাঁদে চাঁদে বদ্‌লে যাবে,
সে রাজার এমন আইন নয়।
নাইকো তার মুসাবিদা পাণ্ডুলিপি ভাইরে,
নাইকো তার বাগ্‌বিতণ্ডা সভাময়।
সেই সুরু থেকে বইছে বাতাস, চল্‌ছে নদ নদী
সাগর জলে কি কল্লোল আর ঢেউ নিরবধি,

বর্ষে মেঘে বারিধারা, ভাইরে,
তাইতে ধরার বুকে শস্য হয়
সেই সুরু থেকে সূর্য্যিঠাকুর উদয় হন পূবে,
সন্ধ্যাবেলা রোজ যেতে হয় পশ্চিমে ডুবে,
অমাবস্যায় চাঁদ ওঠেনা ভাইরে,
তার এক নিয়মে বৃদ্ধি ক্ষয়।
সেই সুরু থেকে করছে ধরা সূর্য্য প্রদক্ষিণ
মেরুদণ্ডের উপর ঘুরে, করছে রাত্রি দিন,
তাইতে বার মাস আর ছটা ঋতু ভাইরে,
ঘুরে ফিরে আসতে হয়।
সেই সুরু থেকে দিগ্‌দিগন্ত জুড়ে আকাশ নীল,
ব'সে উত্তরে ঐ ধ্রুবতারা নড়েনা এক তিল
আকাশে ঢিল মারলে পরে ভাইরে—
এই পৃথিবী বুক পেতে লয়।
সেই সুরু থেকে আগুন গরম, সাগর জল নোনা
রূপো সাদা, লোহা কালো, হলুদ রঙ্ সোনা,
আমের গাছে ধান ফলে না ভাইরে,
কোকিল শুধু কুহু কয়।
যা ছিল না, হয় না তা আর,
যা আছে তাই আছে,
পাঁচ ভেঙ্গে দশ রকম হচ্ছে,
মিশছে আবার পাঁচে
এ সব ব্যাপার দেখে দিনদুনিয়ার ভাইরে
সেই মালিক দেখতে ইচ্ছা হয়।
(এই আইন করা)

---

## ১৯৫১ সালের ক্রয়-মুল্য

পশ্চিমবঙ্গ সরকার ১৯৫১ সালে মুর্শিদাবাদ জেলায় নিম্নলিখিত নির্দ্দিষ্ট দরে **ধান্য ও চাউল** ক্রয় করিবেন :—

**ধান্য (প্রতি মণ)**

**আমন** (সাধারণ)—৭॥০ টাকা; **আমন** (খুব সরু)—৯৲ টাকা হইতে ১০৲ টাকা পর্য্যন্ত (ধান্য অনুযায়ী); **আউস** ৬॥০ টাকা।

**চাউল (প্রতি মণ)**

**আমন** (সাধারণ, ঢেঁকি ছাঁটা) ১২৸০ আনা; **আমন** (সাধারণ মিলের) ১২৸০ আনা; **আমন** (খুব সরু)—১৫৲ টাকা হইতে ১৬॥০ টাকা পর্য্যন্ত (চাউল অনুযায়ী); **আউস**—১১।০ আনা।

---

# নিলামের ইস্তাহার

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

### নিলামের দিন ১১ই জুন ১৯৫১

**১৯৩৯ সালের ডিক্রীজারী**

২০২ মনি ডিঃ প্রফুল্লময়ী সরকার দিং দেং সুধাংশু দাস দাবি ৪৮৸৶৩ থানা সুতী মৌজে ভাবকী ৫৮ শতকের কাত ১৶৬ আঃ ১০৲ খং ৪৪৮ ২নং লাট ১২৬ শতকের কাত ২।৶০ আঃ ২০৲ খং ৮২৮

---

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

### নিলামের দিন ১৮ই জুন ১৯৫১

**১৯৫০ সালের ডিক্রীজারী**

৪৭৭ খাং ডিঃ ধীরেন্দ্রনাথ রায় দেং শ্রীমতী দাসী দাবি ২৭॥৶৩ থানা সমসেরগঞ্জ মৌজে ফুলন্দর ২৯৮॥০ শতকের কাত ১৩।৶/১৭ আঃ ১৫৲ খং ১৯৮

৩১৫ খাং ডিঃ রায় জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী বাহাদুর দিং দেং জেল্লারহামান বিশ্বাস দিং দাবি ৭২।৶০ থানা সমসেরগঞ্জ মৌজে ধুসরীপাড়া ৬৫ শতকের কাত ৫৸১৫ আঃ ২০৲ খং ৩৭১ রায়ত স্থিতিবান

৪৫৯ খাং ডিঃ মহারাজ বাহাদুর সিংহ দেং মহামায়া দেবী দিং দাবি ৫৬৶৬ থানা সাগরদীঘি মৌজে বন্যেশ্বর ২-৪৮ শতকের কাত ৮৲ আঃ ৪৫৲ খং ২৪১

৪৭২ খাং ডিঃ উমাচরণ দাস দিং দেং বিরজাকান্ত দাস দাবি ১৬৸৶৬ থানা সাগরদীঘি মৌজে কান্ত-নগর ৩৫ শতকের কাত ১॥/৬ আঃ ৭৲

**১৯৫১ সালের ডিক্রীজারী**

১৩৭ খাং ডিঃ নবকুমার সিংহ দুধোরিয়া দিং দেং নকুলচন্দ্র পাল দাবি ১৮৶৯ থানা সাগরদীঘি মৌজে গাঙ্গাড্ডা ৩৬ শতকের কাত ১৸৶০ আঃ ১০৲ খং ৫১৩ রায়ত স্থিতিবান

১৩৮ খাং ডিঃ ঐ দেং মনোরঞ্জন রায় দাবি ১৬/৩ মৌজাদি ঐ ৫ শতকের কাত ১।৶১৫ আঃ ৫৲ খং ৪৭৮ রায়ত স্থিতিবান

১৩৯ খাং ডিঃ ঐ দেং আইজানেনেসা বিবি দাবি ১৪।০ মৌজাদি ঐ ১০ শতকের কাত ১৶০ আঃ ৫৲ খং ৩৬২ রায়ত স্থিতিবান

১৪৩ খাং ডিঃ ঐ দেং ইমানি সেখ দাবি ২৬৸৶৩ মৌজাদি ঐ ৭৮ শতকের কাত ৩।৶১২॥০ আঃ ১০৲ খং ৪৩৪ রায়ত স্থিতিবান

১৪০ খাং ডিঃ ঐ দেং বিষ্ণুপদ সাহা দিং দাবি ৫৪৻৯ থানা ঐ মৌজে অনুপপুর ১৩৮ শতকের কাত ৬॥/৩ আঃ ২৫৲ খং ৫২ রায়ত স্থিতিবান

১৪১ খাং ডিঃ ঐ দেং সীতেশচন্দ্র দত্ত দিং দাবি ১২৫৸/৩ মৌজাদি ঐ ৩-৪১ শতকের কাত ২০।৶৯ আঃ ৬০৲ খং ৫১ রায়ত স্থিতিবান

১৪২ খাং ডিঃ ঐ দেং হাসিমুদ্দীন বিশ্বাস দিং দাবি ৯৩।৶৯ থানা ঐ মৌজে বন্যেশ্বর ৩-৪৫ শতকের কাত ১৩॥১০ আঃ ৫০৲ খং ৩২ রায়ত স্থিতিবান

১৪৪ খাং ডিঃ ঐ দেং সুরেন্দ্রনাথ সরকার দাবি ২২৸৩ মৌজাদি ঐ ৫৫॥০ শতকের কাত ২৸০ আঃ ১০৲ খং ৩৫ রায়ত স্থিতিবান

৯৪ খাং ডিঃ মহারাজ বাহাদুর সিংহ দেং মহীন্দ্রনারায়ণ দাস দিং দাবি ৮০।৬ থানা সাগরদীঘি মৌজে বন্যেশ্বর ২-৯৫ শতকের কাত ১৫।০ আঃ ৮০৲ খং ৪০

৯৫ খাং ডিঃ ঐ দেং কৃষ্ণকিঙ্কর দে দিং দাবি ১৮৸৶৯ মৌজাদি ঐ ৩-১৬ শতকের কাত ৬/১৫ আঃ ২৫৲ খং ২৪২

১০৫ খাং ডিঃ মহারাজ বাহাদুর সিংহ দেং কনকলতা দাসী দাবি ২৩।৬ থানা সাগরদীঘি মৌজে বন্যেশ্বর ৮৩ শতকের কাত ৩৸/০ আঃ ২৫৲ খং ১৩২

১০৭ খাং ডিঃ ঐ দেং চাম্পালাল সেরাওগী দিং দাবি ২৩।৶৯ মৌজাদি ঐ ১-২৫ শতকের কাত ৯৲ আঃ ২০৲ খং ২৪০

৯৬ খাং ডিঃ ঐ দেং এবারক হোসেন দিং দাবি ৫৯।৶৩ থানা ঐ মৌজে জিনদীঘি ২-২৭ শতকের কাত ৮৸০১২॥০ আঃ ৩০৲ খং ১৩৩

১০৪ খাং ডিঃ ঐ দেং নাবের সেখ দিং দাবি ৪১৸৶৯ মৌজাদি ঐ ২-৩৮ শতকের কাত ৮৶৫ আঃ ৩০৲ খং ৯৭

৯৭ খাং ডিঃ ঐ দেং শ্যামাপদ ভট্টাচার্য্য দাবি ২৬॥৶৯ থানা ঐ মৌজে হলদী ১-৫২ শতকের কাত ৪॥৫ আঃ ২৫৲ খং ১১৮

[ পর…

( পূর্ব্ব পৃষ্ঠার জের )

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

### নিলামের দিন ১৮ই জুন ১৯৫১

১৯৫১ সালের ডিক্রীজারী

৯৮ থাং ডিঃ মহারাজ বাহাদুর সিংহ দেং সুধীর ভুইমালী দিং দাবি ১১/০ থানা সাগরদীঘি মৌজে হলদী ৪ শতকের কাত ॥০ আঃ ৫৲ থং ২৩৫

৯৯ থাং ডিঃ ঐ দেং জানমহাম্মদ সেখ দিং দাবি ১৩॥৬ মৌজাদি ঐ ১-০৪ শতকের কাত ৩।১৫ আঃ ৫৲ থং ১৭৭

১০১ থাং ডিঃ ঐ দেং রমিসা বিবি দাবি ১৯॥৯ মৌজাদি ঐ ৫৭ শতকের কাত ১।৶/১৫ আঃ ১০৲ থং ২৬৯

১০২ থাং ডিঃ ঐ দেং প্রমীলাবালা ঘোষ দাবি ৩৬৸/৩ মৌজাদি ঐ ৭-১৪ শতকের কাত ২১।০ আঃ ৩০৲ থং ১৯৯

১০০ থাং ডিঃ ঐ দেং উমরাতুন্নেসা বিবি দাবি ১৬৸৵৯ থানা ঐ মৌজে গোকুলতা ৭২ শতকের কাত ১।১১।০ আঃ ১০৲ থং ১৮২


১০৩ থাং ডিঃ ঐ দেং দাউদ সেথ দিং দাবি ২২৵৬ মৌজাদি ঐ ২-২৮ শতকের কাত ৯৸৶/১৫০ আঃ ২০৲ থং ২৬৪

১০৬ থাং ডিঃ ঐ দেং মৃণালিনী দেবী দাবি ৭২৸/৯ মৌজাদি ঐ ৭-৫৪ শতকের কাঁত ৪৮/৭ আঃ ১০০৲ থং ২৬

৫৫ থাং ডিঃ কমন ম্যানেজার গোবিন্দভূষণ চৌধুরী দেং শিবশঙ্কর সাহা ওরফে শিবু সাহা দাবি ৩৩৸৵০ থানা সাগরদীঘি মৌজে কৈয়র ১০ শতকের কাত ৩৸৶/১০ আঃ ১৫৲ থং ১২১

৮৩ থাং ডিঃ ক্ষিতীশচন্দ্র ঘোষ দিং দেং মকবুল বিশ্বাস দিং দাবি ২১৵০ থানা সাগরদীঘি মৌজে হোসেনপুর ১-৭৩ শতকের কাত ৩৸৶/১০ আঃ ২০৲ থং ৯৪

---




---

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত